



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট



১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

নম্বর : ১৫.৫৫.০০০০.০০৩.২৫.০৩৪.১৬.১৫০০.

০২ ভাদ্র ১৪২৩  
২৬ আগস্ট ২০১৬

## প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

# Digital Set Design

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আগামী ২৫ সেপ্টেম্বর থেকে ২০ অক্টোবর ২০১৬ মেয়াদে ০৪ (চার) সপ্তাহব্যাপী **Digital Set Design** কোর্স আয়োজন করতে যাচ্ছে।

**Digital Set Design** কোর্সে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীদের অবশ্যই স্নাতক পাশ হতে হবে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে ২০০/- (দুইশত) টাকার বিনিময়ে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

আবেদনপত্র আগামী ১৯ সেপ্টেম্বর ২০১৬ রোজ সোমবার পর্যন্ত দপ্তর চলাকালীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর পাসপোর্ট আকারের দুইকপি রঙ্গিন সত্যায়িত ছবি এবং প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও স্নাতক পাশ সনদপত্রের সত্যায়িত কপি পেশ করতে হবে। ইনস্টিটিউটের web site: [www.nimc.gov.bd](http://www.nimc.gov.bd) থেকেও অনলাইনে আবেদন করা যাবে।

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ১৯ সেপ্টেম্বর, ২০১৬ রোজ সোমবার। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে এবং সাক্ষাৎকারের জন্য মনোনীত প্রার্থীদের আগামী ২১ সেপ্টেম্বর, রোজ বুধবার ২০১৬ পূর্বাহ্ন ১১.০০ মি: এ ইনস্টিটিউটে রিপোর্ট করতে হবে। এজন্য কোন প্রকার টিএ ডিএ দেয়া হবে না।

সাক্ষাৎকারে নির্বাচিত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৪,০০০.০০ (চার হাজার) টাকা মাত্র “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।

০১/০৮/১৬  
২৬/৮/১৬  
(রওনক জাহান)  
উপ-পরিচালক  
ও  
কোর্স পরিচালক  
ফোন: ৫৫০৭৯৪৪৭